



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

## শেয়ার বাজারে সম্মানিত বিনিয়োগকারীদের জন্য শিক্ষামূলক কার্যক্রম

দেশের শেয়ার বাজারে বিনিয়োগকারীদের কার্যকর অংশগ্রহণ এবং তাদেরকে সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সাধারণ বিনিয়োগকারীদের জন্য শিক্ষা কার্যক্রমের আয়োজন করে আসছে। তারই ধারাবাহিকতায় এই শিক্ষা কার্যক্রম প্রতি মাসের দ্বিতীয় ও চতুর্থ সপ্তাহের বুধবার ও বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ে অনুষ্ঠিত হবে (সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত)। প্রশিক্ষন কার্যক্রম চলে ২(দুই) দিন ব্যাপী। প্রশিক্ষণ কার্যক্রমের নির্দিষ্ট তারিখ তালিকাভুক্ত প্রার্থীদের কয়েক দিন আগেই টেলিফোনে জানিয়ে দেয়া হয়।

## প্রতিটি সেশনে নিম্নোক্ত বিষয় সম্পর্কিত বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত থাকবেঃ

- বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং স্টক এক্সচেঞ্জের কার্যক্রম
- প্রাইমারী মার্কেটে (আইপিও) বিনিয়োগ
- সেকেন্ডারী মার্কেটে (স্টক এক্সচেঞ্জে) বিনিয়োগ
- সেন্দ্রাল ডিপজিটরী সিস্টেম

আলোচ্য শিক্ষা কার্যক্রমটি সম্পূর্ণ ফি (fee) মুক্ত এবং অংশগ্রহণের জন্য পূর্বে নাম তালিকাভুক্ত করা আবশ্যিক। রেজিস্ট্রেশন (নাম তালিকাভুক্তকরণ) কার্যক্রম শুরু হয়েছে। প্রতিটি সেশনে আসন সংখ্যা ৩০ জন এবং আগে আসলে আগে পাবেন ভিত্তিতে নাম তালিকাভুক্ত করা যাবে।

## নাম তালিকাভুক্তি ও অন্যান্য তথ্যাদির জন্য নিম্নোক্ত ঠিকানায় ব্যক্তিগত ভাবে যোগাযোগ করুন

লাইব্রেরিয়ান

পাবলিক রেফারেন্স রুম

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (২১ তলা)

১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

ফোন-৯৫৬৮১০১-২/১৫৮